

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৫০/২০১৮-১৯

ঢাকা, বৃহস্পতিবার ১৩ সেপ্টেম্বর ২০১৮, ২৯ ভাদ্র ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

- ১। সুষ্ঠু নির্বাচনের জন্য নির্বাচন কমিশনকে সহযোগিতা করবে সরকার : সংসদে প্রধানমন্ত্রী
- ২। শেয়ারবাজারে জেনে-বুঝে বিনিয়োগ করুন : প্রধানমন্ত্রী
- ৩। প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতীয় ব্যবসায়ী প্রতিনিধিদলের সাক্ষাৎ
- ৪। আজ বঙ্গবন্ধু মেডিকেল সুপার স্পেশালাইজড হাসপাতালের ভিত্তিপ্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী
- ৫। আজ হোটেল ইন্টারকন্টিনেন্টাল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
- ৬। প্রধানমন্ত্রীর সঙ্গে সমকালের প্রয়াত সম্পাদক গোলাম সারওয়ারের পরিবারের সাক্ষাৎ
- ৭। দারিদ্র্য কমাতে অবদান রয়েছে বস্ত্র ও পোশাকখাতের : স্পিকার
- ৮। ৫০ হাজার মেট্রিক টন সার আমদানির ক্রয় প্রস্তাব ক্রয় কমিটিতে অনুমোদন
- ৯। সংসদে শীর্ষ একশ' ঋণখেলাপির তালিকা দিলেন অর্থমন্ত্রী
- ১০। জাতীয় সংসদে তিনটি বিল পাস, দু'টি নতুন বিল উত্থাপিত
- ১১। সবার সঙ্গে সুসম্পর্ক রেখে এগিয়ে যেতে চায় বাংলাদেশ
ভিয়েতনামে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামে বাণিজ্যমন্ত্রী
- ১২। ডিসেম্বর পর্যন্ত সড়কে ঝোঁড়াখুঁড়ি বন্ধ রাখার নির্দেশ সড়কমন্ত্রীর
- ১৩। পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে অভিন্ন নীতিমালা হবে : শিক্ষামন্ত্রী
- ১৪। উন্নয়নপ্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন সহজ করা জরুরি : পরিকল্পনামন্ত্রী
- ১৫। দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ, এখন নিরাপদ খাদ্য নিশ্চিত করতে হবে : খাদ্যমন্ত্রী
- ১৬। গুজব শনাক্তকরণ ও নিরসন কেন্দ্র সেপ্টেম্বরের শেষে : তথ্য প্রতিমন্ত্রী
- ১৭। বর্তমান সরকারের দুই মেয়াদে ৩৩১টি কলেজ ও ১৯৫টি হাইস্কুল জাতীয়করণ
সর্বশেষ জাতীয়করণ করা হলো ১৪টি কলেজ

১। সুষ্ঠু নির্বাচনের জন্য নির্বাচন কমিশনকে সহযোগিতা করবে সরকার : সংসদে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, সংবিধান অনুযায়ী নির্বাচন কমিশন স্বাধীনভাবে নির্বাচন পরিচালনা করতে পারে। নির্বাচন কমিশনের ব্যবস্থাপনায় দেশের জনগণ সুষ্ঠুভাবে তাদের ভোটাধিকার প্রয়োগ করবে। সাংবিধানিক বাধ্যবাধকতা অনুযায়ী বর্তমান নির্বাচন কমিশন তাদের ওপর অর্পিত সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠানের সকল কার্যক্রম গ্রহণ করবে বলে সরকার প্রত্যাশা করে। আগামী জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের সাংবিধানিক দায়িত্ব পালনে নির্বাচন কমিশনকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে সরকার। গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), জনকণ্ঠ (পৃ.১,ক.২), অবজারভার (পৃ.১,ক.৬), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.৩,ক.১)।

২। শেয়ারবাজারে জেনে-বুঝে বিনিয়োগ করুন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, পুঁজিবাজারে যে প্রতিষ্ঠানে বিনিয়োগ করবেন সে প্রতিষ্ঠান সম্পর্কে বিস্তারিত জেনে-বুঝে নিন। বিনিয়োগ করে কেউ ক্ষতিগ্রস্ত হোক, এটা আমরা চাই না। পুঁজিবাজারের উন্নয়নে ৭ দফা সুপারিশমালা বাস্তবায়নের মাধ্যমে বিনিয়োগকারীদের সুরক্ষা নিশ্চিতকরণে বিএসইসিসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের প্রতি তিনি আহ্বান জানান। গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) রজতজয়ন্তী উদ্যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি আরো বলেন, অর্থনীতিকে বেগবান, বৃহৎ প্রকল্প বাস্তবায়নে অর্থায়নের ক্ষেত্রে পুঁজিবাজারের অবদান বৃদ্ধি এবং বিনিয়োগকারীর সুরক্ষা নিশ্চিতকরণের জন্য বিএসইসিসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট সবাইকে যথাযথ ভূমিকা রাখতে হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.৪), অবজারভার (শেষ পৃ.,ক.৪), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৫)।

৩। প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতীয় ব্যবসায়ী প্রতিনিধিদলের সাক্ষাৎ

সফররত ভারতীয় চেম্বার্স অফ কমার্সের প্রতিনিধিদল গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার জাতীয় সংসদ ভবন কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। চেম্বার সভাপতি রুদ্র চ্যাটার্জি ৫ সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। প্রতিনিধিদল বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের মধ্যে চমৎকার সম্পর্ক বিদ্যমান থাকায় সন্তোষ প্রকাশ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অর্থসামাজিক উন্নয়নের প্রশংসা করে প্রতিনিধিদলের সদস্যরা বলেন, তারা ১০ বছর আগে বাংলাদেশ সফরে এসে বাংলাদেশকে যেমন দেখেছিলেন তার চেয়ে ব্যাপক পরিবর্তন হওয়ায় তারা উচ্ছ্বসিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যবসায়ী প্রতিনিধিদলকে স্বাগত জানিয়ে বলেন, তাঁর সরকার বাংলাদেশে ভারতীয় বিনিয়োগকে স্বাগত জানায়। সরকার চট্টগ্রামে ভারতীয় বিনিয়োগকারীদের জন্য জমি বরাদ্দ করেছে উল্লেখ করে তিনি বলেন, তাঁর সরকার শিল্প-কারখানা স্থাপনে নানা সুযোগ-সুবিধাও প্রদান করে যাচ্ছে। এ প্রসঙ্গে তিনি বিভিন্ন ভারতীয় সামগ্রী বিশেষ করে মেডিকেল যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্ক সুবিধার কথা উল্লেখ করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.২), জনকণ্ঠ (পৃ.২,ক.৬), অবজারভার (শেষ পৃ.,ক.৮)।

৪। আজ বঙ্গবন্ধু মেডিকেল সুপার স্পেশালাইজড হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে সুপার স্পেশালাইজড হাসপাতাল প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও সেন্টার অফ এন্ড্রিলেঙ্গ প্রকল্পের স্থাপনাসমূহের উদ্বোধন হচ্ছে। আজ (১৩ সেপ্টেম্বর বৃহস্পতিবার) এ প্রকল্পসমূহের ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সুপার স্পেশালাইজড হাসপাতাল নির্মাণে দক্ষিণ কোরিয়া সরকার ইডিসিএফের অর্থায়নে ১০৪৭ কোটি টাকা ঋণ সহযোগিতা প্রদান করবে। ১৩তলা হাসপাতাল ভবনটিতে থাকবে ১ হাজার শয্যা। দেশের প্রথম সেন্টার বেইজড চিকিৎসাসেবা চালু হবে সুপার স্পেশালাইজড হাসপাতালটিতে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), যুগান্তর (পৃ.১৮,ক.৮)।

৫। আজ হোটেল ইন্টারকন্টিনেন্টাল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

আজ ১৩ সেপ্টেম্বর বৃহস্পতিবার উদ্বোধন হতে যাচ্ছে হোটেল ইন্টারকন্টিনেন্টাল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ধ্যায় এর আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী একেএম শাহজাহান কামাল গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) তাঁর মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.৮), জনকণ্ঠ (পৃ.১৮,ক.৬), অবজারভার (পৃ.১,ক.২), এশিয়ান এজ (শেষ পৃ.,ক.৩)।

৬। প্রধানমন্ত্রীর সঙ্গে সমকালের প্রয়াত সম্পাদক গোলাম সারওয়ারের পরিবারের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করেছেন সমকালের প্রয়াত সম্পাদক ও বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের (পিআইবি) চেয়ারম্যান গোলাম সারওয়ারের পরিবারের সদস্যরা। গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) প্রধানমন্ত্রীর সংসদ ভবন কার্যালয়ে দেখা করেন তারা। এ সময় গোলাম সারওয়ারের মৃত্যুতে শোক প্রকাশের পাশাপাশি পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান প্রধানমন্ত্রী। এ পরিবারের জন্য দোয়াও করেন তিনি। সেইসঙ্গে গোলাম সারওয়ারের স্মৃতিচারণ করে নানা ঘটনা তুলে ধরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.২), যুগান্তর (পৃ.২,ক.৮)।

৭। দারিদ্র্য কমাতে অবদান রয়েছে বস্ত্র ও পোশাকখাতের : স্পিকার

আমদানি নির্ভরতা কমিয়ে পণ্যের মান উন্নয়নে প্রযুক্তির ব্যবহার, নতুন বাজার তৈরি করা এবং রপ্তানি বহুমুখীকরণে উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। তিনি বলেন, দেশে পোশাকখাতে প্রায় ৪৪ লাখ শ্রমিক কাজ করে, এর মধ্যে ৮০ শতাংশই নারী। গত ১০ বছরে দেশে দরিদ্র মানুষের সংখ্যা ৪০ শতাংশ থেকে ২০ শতাংশে নামিয়ে এনেছে বর্তমান সরকার। এতে পোশাকখাতেরও গুরুত্বপূর্ণ অবদান রয়েছে

বলে তিনি উল্লেখ করেন। গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) বাংলাদেশ টেক্সটাইল এবং গার্মেন্টস শিল্পের আন্তর্জাতিক প্রদর্শনী ১৯তম টেক্সটেক, ১৪তম ঢাকা ইয়ার্ন এন্ড ফেব্রিক শো এবং ৩৩তম ডাইক্যাম বাংলাদেশ এক্সপো ২০১৮ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.১), সংবাদ (পৃ.১৪,ক.৪), এশিয়ান এজ (পৃ.১১,ক.৬), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.২)।

৮। ৫০ হাজার মেট্রিক টন সার আমদানির ক্রয় প্রস্তাব ক্রয় কমিটিতে অনুমোদন

সংযুক্ত আরব আমিরাত থেকে ৫০ হাজার মেট্রিক টন সার আমদানির দু'টি ক্রয় প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়েছে। এছাড়া আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জন্য ৩০ হাজার ১২ বোর শটগান এবং শটগানের জন্য ৩০ লাখ কার্তুজ আমদানি করা হচ্ছে। এজন্য সরকারের ব্যয় হবে ১৪৭ কোটি ৪৮ লাখ টাকা। এসব শটগান ও কার্তুজ ইতালি, তুরস্ক ও যুক্তরাজ্য থেকে সংগ্রহ করে সরকারের নিকট সরবরাহ করবে মেশিন টুলস ফ্যাক্টরি। গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদকক্ষে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ সংক্রান্ত প্রস্তাবগুলোর অনুমোদন দেওয়া হয়েছে। কমিটির সভাপতি অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৫), অবজারভার (শেষ পৃ.,ক.২), আমাদের অর্থনীতি (পৃ.১,ক.৪), এশিয়ান এজ (পৃ.১,ক.৫)।

৯। সংসদে শীর্ষ একশ' ঋণখেলাপির তালিকা দিলেন অর্থমন্ত্রী

জাতীয় সংসদ অধিবেশনে গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) দেশের ১০০ শীর্ষ ঋণখেলাপির তালিকা প্রকাশ করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, দেশে বর্তমানে ঋণখেলাপির সংখ্যা ২ লাখ ৩০ হাজার ৬৫৮ জন। এসব ঋণখেলাপিদের কাছ থেকে অনাদায়ী অর্থের পরিমাণ ১ লাখ ৩১ হাজার ৬৬৬ কোটি ১৬ লাখ টাকা। বাংলাদেশ ব্যাংকের সিআইবি ডাটাবেজে সংরক্ষিত গত জুন পর্যন্ত তথ্যানুযায়ী এ ঋণখেলাপির সংখ্যা উল্লেখ করেন তিনি। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল বুধবার জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে অর্থমন্ত্রী এ তালিকা প্রকাশ করেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ., ক.৪), যুগান্তর (পৃ.১,ক.১), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.২), অবজারভার (পৃ.১,ক.২)।

১০। জাতীয় সংসদে তিনটি বিল পাস, দু'টি নতুন বিল উত্থাপিত

জাতীয় সংসদ অধিবেশনে গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) তিনটি বিল পাস এবং দু'টি নতুন বিল উত্থাপিত হয়েছে। পাসকৃত তিনটি বিলের ওপর বিরোধীদের আনীত যাচাই-বাছাই ও সংশোধনী প্রস্তাবগুলো নাকচ হয়ে যায়। পরে কণ্ঠভোটে বিল তিনটি পাস হয়। পাসকৃত তিনটি বিল হলো কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী উত্থাপিত বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন বিল, ২০১৮ ও বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ বিল, ২০১৮ এবং বস্ত্র ও পাটমন্ত্রী মুহাম্মদ ইমাজ উদ্দিন প্রামাণিকের পক্ষে প্রতিমন্ত্রী মির্জা আজমের উত্থাপিত বস্ত্র বিল, ২০১৮। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.৭), অবজারভার (পৃ.২,ক.৪), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.৭,ক.৮), বাংলাদেশ টুডে (পৃ.৩,ক.৫)।

১১। সবার সঙ্গে সুসম্পর্ক রেখে এগিয়ে যেতে চায় বাংলাদেশ

ভিয়েতনামে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামে বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, প্রতিবেশি দেশসহ সবদেশের সঙ্গে সুসম্পর্ক রেখে বাংলাদেশ এগিয়ে যেতে চায়। সাপটা, আপটা, বিবিআইএন, বিসিআইএম-এর মতো জোটে থেকে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। তিনটি শর্ত পূরণ করে এলডিসি থেকে উন্নয়নশীল দেশে যাওয়ার প্রথম ধাপ বাংলাদেশ সফলভাবে অতিক্রম করেছে। গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) ভিয়েতনামের রাজধানী হ্যানয়ে এক অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.৮)।

১২। ডিসেম্বর পর্যন্ত সড়কে খোঁড়াখুঁড়ি বন্ধ রাখার নির্দেশ সড়কমন্ত্রীর

সামনে নির্বাচন তাই আগামী ডিসেম্বর পর্যন্ত সড়কে খোঁড়াখুঁড়ির কাজ বন্ধ রাখার নির্দেশ দিয়ে সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে গাজীপুর থেকে সড়কে যে খোঁড়াখুঁড়ি হচ্ছে তাতে জনদুর্ভোগ সৃষ্টি হচ্ছে। সামনে নির্বাচন। গাজীপুর হচ্ছে উত্তরবঙ্গের গেটওয়ে। বিভিন্ন দল সভা সমাবেশে যাবে। তাই মানুষের যাতে দুর্ভোগে পড়তে না হয় সেজন্য আগামী ডিসেম্বর পর্যন্ত সড়কে সব খোঁড়াখুঁড়ি বন্ধ রাখতে হবে। খোঁড়াখুঁড়ি বাদে অন্যান্য কাজ চলমান থাকবে, শুধু খোঁড়াখুঁড়ি বন্ধ থাকবে। গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) নগরভবনে ডিটিসিএ'র ১১তম সভায় এসব নির্দেশনা দেন তিনি। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৫), অবজারভার (পৃ.১,ক.৬)।

১৩। পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে অভিন্ন নীতিমালা হবে : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষক নিয়োগের একটি অভিন্ন নীতিমালা প্রণয়ন করা হবে। এজন্য সবার মতামত নেওয়া হয়েছে। এর ভিত্তিতে চূড়ান্ত নীতিমালা প্রণীত হবে। সকল বিশ্ববিদ্যালয়ে একই নিয়মে নিয়োগ ও পদোন্নতি হবে। গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মেলনকক্ষে কমিশন প্রণীত পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক নিয়োগ, পদোন্নতি/পদোন্নয়ন সংক্রান্ত অভিন্ন নীতিমালার বিষয়ে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ অংশীজনদের নিয়ে আয়োজিত কর্মশালায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৪,ক.৩), সংবাদ (পৃ.১,ক.৪), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.৩,ক.৫), অবজারভার (পৃ.১,ক.৫)।

১৪। উন্নয়নপ্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন সহজ করা জরুরি : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, উন্নয়নের ধারাবাহিকতায় ২০২১ সালে বাংলাদেশকে মধ্যম আয়ের এবং ২০৪১ সালে উন্নত দেশে পরিণত করতে সরকার বদ্ধপরিকর। সরকারের এ প্রতিশ্রুতি বাস্তবায়নে তথা পরিবর্তিত জলবায়ু অভিঘাত ইত্যাদি বিবেচনায় টেকসই উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে পরিকল্পনা কমিশন তথা বিসিএস (ইকোনমিক) ক্যাডারের কর্মকর্তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের বৃহত্তর উন্নয়নের স্বার্থে উন্নয়নপ্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন সহজীকরণ করা জরুরি। গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) আগারগাঁওস্থ এনইসি সম্মেলনক্ষেত্রে বিসিএস ইকোনমিক অ্যাসোসিয়েশনের বিশেষ সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.১), ইনকিলাব (শেষ পৃ.ক.১)।

১৫। দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ, এখন নিরাপদ খাদ্য নিশ্চিত করতে হবে : খাদ্যমন্ত্রী

দেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ উল্লেখ করে খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম বলেছেন, এখন আর উত্তরবঙ্গে মঙ্গা নেই। উৎপাদন থেকে খাবার টেবিল পর্যন্ত নিরাপদ খাদ্য নিশ্চিত করাই এখন সরকারের লক্ষ্য। গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) জাতীয় প্রেসক্লাবে স্বাধীনতা সেনিটারিয়ান পরিষদ (স্বাসেপ) আয়োজিত ‘খাদ্য নিরাপত্তা ও নিরাপদ খাদ্য আইন ২০১৩’ শীর্ষক এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। খাদ্যমন্ত্রী বলেন, সরকার নিরাপদ খাদ্য কূতপক্ষ গঠন করেছে। এটিকে আরও শক্তিশালী করে নিরাপদ খাদ্য নিশ্চিত করা হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৫,ক.১), জনকণ্ঠ (পৃ.৩,ক.৭)।

১৬। গুজব শনাক্তকরণ ও নিরসন কেন্দ্র সেপ্টেম্বরের শেষে : তথ্য প্রতিমন্ত্রী

তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, সেপ্টেম্বরের শেষের দিকে তথ্য অধিদফতরের অধীনে গুজব শনাক্তকরণ ও নিরসন কেন্দ্র স্থাপন করা হবে। উদ্দেশ্যপ্রণোদিতভাবে ফেসবুকে মিথ্যা কোন পোস্ট দিলে ৩ ঘণ্টার মধ্যেই এ কেন্দ্র জানাবে সেটি গুজব। মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মকর্তা নিয়ে গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৫), সংবাদ (শেষ পৃ.ক.৫), ফিন্যানশিয়াল এক্সপ্রেস (পৃ.৩,ক.৪), অবজারভার (শেষ পৃ.ক.৮)।

১৭। বর্তমান সরকারের দুই মেয়াদে ৩৩১টি কলেজ ও ১৯৫টি হাইস্কুল জাতীয়করণ

সর্বশেষ জাতীয়করণ করা হলো ১৪টি কলেজ। সরকারের টানা দুই মেয়াদে ৩৩১টি কলেজ ও ১৯৫টি হাইস্কুল জাতীয়করণ করা হয়েছে। সর্বশেষ গতকাল (১২ সেপ্টেম্বর বুধবার) আরও ১৪টি কলেজ জাতীয়করণ করে প্রজ্ঞাপন জারি করা হয়। ৩৩১টি কলেজের প্রায় ১১ হাজার শিক্ষক এখন সরকার থেকে বেতনভাতা ও অন্যান্য আর্থিক সুবিধা পাচ্ছেন। স্কুলগুলোতেও প্রায় পাঁচ হাজার শিক্ষক এ সুবিধা পাচ্ছেন। আওয়ামী লীগ সরকারের বিগত ১০ বছরে শিক্ষাখাতে এটিকেই অন্যতম বড় সাফল্য হিসেবে দেখছেন শিক্ষা প্রশাসনের কর্মকর্তারা। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৫), যুগান্তর (পৃ.২,ক.৪), ফিন্যানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.৩,ক.৪)।

সম্পাদকীয়

- ক. **ইনকিলাব, সংবাদ :** দেশের এক হাজার ৬৮১টি নির্বাচিত আলিয়া মাদ্রাসার অবকাঠামো উন্নয়নে বড় আকারের প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে সরকার উল্লেখ করে এ প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করতে সংশ্লিষ্ট বাস্তবায়নকারি সংস্থার পাশাপাশি পরিকল্পনা মন্ত্রণালয়ের বিশেষ নজর দেওয়ার সুপারিশ।
- খ. **ইত্তেফাক :** গত কয়েক বৎসর যাবৎ রাজধানীর বিভিন্ন এলাকায় কিশোর গ্যাং এর হাতে একাধিক নৃশংস হত্যাকাণ্ডের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এসব পথদ্রষ্ট কিশোরদের পিছনে স্থানীয় প্রভাবশালীদের মদদ দেওয়ার যে গুরুতর অভিযোগ রয়েছে সেটিকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেওয়ার সুপারিশ।
- গ. **সমকাল :** গত দুইমাসে পদ্মা নদীর অব্যাহত ভাঙনে শরীয়তপুর, শিবচর, রাজবাড়ীর গোয়ালন্দের বিভিন্ন এলাকা অস্তিত্বহীন হয়ে গেছে উল্লেখ করে ক্ষতিগ্রস্তদের পাশে দাড়ানোর আহ্বান।
- ঘ. **ভোরের কাগজ, ডেইলি স্টার :** রাজধানীতে অবৈধভাবে গড়ে ওঠা হাসপাতাল, ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।
- ঙ. **যায় যায় দিন :** মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান ওয়েলথ এক্স এর মতে, গত পাঁচ বছরে ১৭ শতাংশ হারে বাংলাদেশে ধনকুবেরের সংখ্যা বেড়েছে এ তথ্যে বিস্ময় প্রকাশ করে সরকারের নানামুখী উদ্যোগে জাতীয় প্রবৃদ্ধি আগের তুলনায় বাড়লেও আয়বৈষম্য ক্রমেই উর্ধ্বমুখী কেন হচ্ছে তা খতিয়ে দেখার ওপর গুরুত্বারোপ।
- চ. **এশিয়ান এজ :** দেশের একমাত্র কার্পজাতীয় মাছের প্রাকৃতিক প্রজননক্ষেত্র হালদা নদীতে আশেপাশের বিভিন্ন কল-কারখানার বর্জ্য দূষিত হয়ে মাছ বিলুপ্ত হওয়ার আশংকা দেখা দিয়েছে উল্লেখ করে হালদা নদী রক্ষায় যথাযথ পদক্ষেপ কামনা।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘নারীদের জন্য নিরাপদ হোক গণপরিবহণ’ শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, গণপরিবহণে নারীদের নিরাপত্তা নিশ্চিত করতে সংরক্ষিত আসনের বিষয়ে ব্যবস্থা নিতে পরিবহণ স্টপেজগুলোয় ভ্রাম্যমাণ আদালতের ব্যবস্থা করতে হবে।

#